দৈনিক বাংলা

তারিখ 03 MAY 1990
পৃষ্ঠা 7 কলাম 9

# আজ ঢাকা ভার্সিটি ভিসি প্যানেল নির্বাচন : জোর তৎপরতা

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

আজ ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বিশেষ সভায় ভিসি প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে। মোট ৭৯ জন সিনেট সদস্য গোপন ব্যালটের মাধ্যমে তিন জনের ভিসি প্যানেল নির্বাচন করবেন। এই তিনজনের মধ্য থেকে চ্যান্সেলর একজনকে ভাইস চ্যান্সেলর হিসাবে নিয়োগ করবেন।

আজ বিকাল সাড়ে চারটায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে সিনেটের এই বিশেষ সভা শুরু হবে। আদালতের নিষেধাজ্ঞা এবং রেজিস্টার্ড গ্রাজুয়েটদের প্রতিনিধি নির্বাচন সংক্রান্ত জটিলতায় গত দু'বছর সিনেট সভা বসতে পারেনি। ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের মোট সদস্য ১০৪ জন। এর মধ্যে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের ২৫ জন প্রতিনিধি রয়েছেন। এবার রেজিস্টার্ড গ্রাজুয়েটদের প্রতিনিধি ছাড়াই সিনেট সভা অনুষ্ঠিত হচ্ছে।

সর্বশেষ খবর অনুযায়ী আজকের ভিসি প্যানেল নির্বাচনে প্রার্থী হচ্ছেন ৬ জন। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের দুটি প্রধান প্রতিদ্বন্দ্বী দল "নীল" ও "সাদা" দল থেকে এরা প্রার্থী হয়েছেন। সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল

(শেষ পৃঃ ১-এর ২ঃ কঃ)

## ভিসি প্যানেল

(প্রথম পৃঃ পর)

মান্নানের সমর্থক হিসাবে পরিচিত "গোলাপী" দল এবার কোন প্রার্থী দিচ্ছে না বলে জানা গেছে।

সাদা দলের প্রার্থীরা হচ্ছেন বর্তমান ভাইস চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিয়া, প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর এম. জিউদ্দীন আহমদ এবং ইংরেজী বিভাগের প্রফেসর ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী। এদের বিরুদ্ধে "নীল" দল থেকে প্রার্থী হিসাবে দাঁড়িয়েছেন বাংলা বিভাগের প্রফেসর মোঃ মনিরুজ্জামান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ আমিনুল ইসলাম এবং ভূগোল বিভাগের প্রফেসর ডঃ এম আমিনুল ইসলাম।

রাজনীতির দিক থেকে "নীল" দল আওয়ামী লীগ- সিপিবি পন্থী হিসাবে পরিচিত। আর "সাদা" দলকে এর বিপরীতে স্রোতের রাজনীতির সমর্থক হিসাবে মনে করা হয়।

সিনেটে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ৩৫ জন প্রতিনিধির মধ্যে "নীল" দলের সমর্থক রয়েছেন ২২ জন। "সাদা" দলের সমর্থক রয়েছেন ১১ জন। "গোলাপী" দলের সমর্থক ২ জন। আজকের নির্বাচনের ফলাফল অনেকটাই নির্ভর করবে শিক্ষক প্রতিনিধি ব্যতীত বাকী ৪৪ জন সদস্যের উপর। এদের মধ্যে জাতীয় সংসদ, সরকার, চ্যান্সেলর, ডাকসু, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিল মনোনীত সদস্য রয়েছেন।